করোনা পরীক্ষায় উত্তীর্ণ সাকিব অংশ নিবেন ফিটনেস টেস্টে

করোনাভাইরাস পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন বিশ্বসেরা অল-রাউন্ডার সাকিব আল হাসান। এখন তিনি বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক আয়োজিত কাল থেকে শুরু হওয়া ফিটনেস পরীক্ষায় অংশ নেবেন। তার করোনা রিপোর্ট নিশ্চিত করেছেন বিসিবির চিকিৎসক দেবাশিষ চৌধুরী।

আইসিসি কর্তৃক এক বছরের নিষেধাজ্ঞা শেষে বঙ্গবন্ধু টি-টোয়েন্টি ক্রিকেট দিয়ে ক্রিকেটে ফিরবেন সাকিব। যা আগামী ২১ বা ২২ নভেম্বর থেকে শুরু হবে।

আগামী ৯ ও ১০ নভেম্বর। সাকিবসহ ১১২ জন ক্রিকেটারের ফিটনেস পরীক্ষা হবে বঙ্গবন্ধু টি-টোয়েন্টি টুর্নামেন্টকে সামনে রেখে ড্রাফটের তালিকায় থাকা বাধ্যতামূলক ক্রিকেটারদের ফিটনেস পরীক্ষা দিতে হবে। আগামী ১২ নভেম্বর টুর্নামেন্টের প্লেয়ার্স ড্রাফট অনুষ্ঠিত হবে। তবে সাকিবের ফিটনেস পরীক্ষা নিয়ে মোটেও চিন্তিত নয় বিসিবি। তারপরও নিজেকে প্রমাণ করতে হলে সাকিবকে ফিটনেস পরীক্ষায় অংশ নিতে হবে।

বিসিবির ক্রিকেট অপারেশন্স কমিটির চেয়ারম্যান আকরাম খান বলেন, ‘আমি মনে করি না, ফিটনেস পরীক্ষা তার জন্য সমস্যার কিছু হবে। তবে ফিটনেসের একটা স্ট্যান্ডার্ড আছে। সে স্ট্যান্ডার্ডে তো সবাইকে মেনে চলতে হবে। সাকিব বিদেশ থেকে এসেছে এবং এক বছর ধরে ক্রিকেটের বাইরে ছিল। আমরা বিশ্বাস করি, সে সময় পেলে নিজের ফিটনেসের উন্নতি করতে পারবে। তাই তাকে নিয়ে আমরা চিন্তিত নই।’ সূত্র: বাসস

স্পেন দলে ফাতির জায়গায়

আসেনসিও

স্প্যানিশ লিগে শনিবার রিয়াল বেতিসের বিপক্ষে ৫-২ গোলে বার্সেলোনার জয়ের ম্যাচে বাঁ হাঁটুতে গুরুতর আঘাত পান তরুণ ফরোয়ার্ড আনসু ফাতি। ক্লাব এক বিবৃতি দিয়ে জানায়, ১৮ বছর বয়সী ফরোয়ার্ডের মেনিস্কাস ছিঁড়ে গেছে। তার সেরে ওঠার দিনক্ষণ না জানালেও ধারণা করা হচ্ছে অন্তত দুই মাস মাঠের বাইরে থাকতে হবে তাকে।

এদিকে, চোটের কারণে জাতীয় দল থেকে ছিটকে যাওয়া ফাতির বদলি নাম ঘোষণা করেছে স্পেন। বার্সেলোনা ফরোয়ার্ডের জায়গায় ডাকা হয়েছে রিয়াল মাদ্রিদের মার্কো আসেনসিওকে। রবিবার স্প্যানিশ ফুটবল ফেডারেশন এ তথ্য নিশ্চিত করেছে।

সোমবার জাতীয় দলে রিপোর্ট করবেন আসেনসিও, রবিবার ভ্যালেন্সিয়ার মাঠে রিয়ালের লা লিগার ম্যাচ শেষ হওয়ার পর।

ঝিনাইদহে পুলিশ ভলিবল চ্যাম্পিয়নশীপ বিভাগীয় টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে শুরু হয়েছে বাংলাদেশ পুলিশ ভলিবল চ্যাম্পিয়নশীপ খুলনা বিভাগীয় টুর্নামেন্ট। গতকাল রবিবার সকালে পুলিশ লাইন্স মাঠে বেলুন উড়িয়ে এ টুর্নামেন্টের উদ্বোধন করেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাইদ, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাশার, সহকারি পুলিশ সুপার (শৈলকুপা সার্কেল) আরিফুল ইসলাম, সদর থানার ওসি মোহাম্মদ মিজানুর রহমানসহ জেলা পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ।

খুলনা বিভাগীয় এ টুর্নামেন্টে ১০ টি জেলার দল অংশগ্রহণ করবে। লীগ

ভিত্তিক এ টুর্নামেন্টের উদ্বোধনী দিনে বাগেরহাট, খুলনা আরআরএফ, যশোর, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, ও সাতক্ষীরা জেলা দল প্রতিদ্বন্দীতা করে।

আগামী ১০ নভেম্বর এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

গাংনীর রামনগরে যুবলীগের জিয়ার বল প্রদান

গাংনী উপজেলার ৪ নং বামন্দী ইউনিয়নের রামনগর গ্রামের ফুটবল খেলোয়াড়দের মাঝে বামন্দী ই্উনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ও ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক জিয়ারুল হক একটি ফুটবল প্রদান করেছে।

গতকাল শনিবার বিকালে রামনগর ফুটবল মাঠে বল প্রদানের সময় উপস্থিত ছিলেন, বামন্দী ইউনিয়নের রামনগর ওয়ার্ডেও ইউপি সদস্য মোঃ হাবিল, সাবেক ইউপি সদস্য মোঃ পান্না, ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলীম এছাড়াও আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ স্থানীয় নেতাকর্মীরা।

ব্রাজিল দলে নেইমার, খেপেছে পিএসজি

চোট পাওয়ায় মাঠের বাইরে ছিটকে গেছেন নেইমার জুনিয়র। কিন্তু বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচ খেলতে দক্ষিণ আমেরিকায় যাচ্ছেন এই পিএসজি ফরোয়ার্ড। কারণ দল থেকে তার নাম বাদ দেননি ব্রাজিল কোচ তিতে। কিন্তু বিষয়টি হজম করতে পারছে না পিএসজি।

নেইমারের নাম বাদ না দিলেও আগামী ১৩ ও ১৭ নভেম্বর যথাক্রমে ভেনেজুয়েলা ও উরুগুয়ের বিপক্ষে দুই ম্যাচের জন্য তার বিকল্প হিসেবে ডাকা হয়েছে ফ্ল্যামেঙ্গোর স্ট্রাইকার পেদ্রোকে। ব্রাজিল দলের চিকিৎসক ডা. রদ্রিগো লাসমার জানিয়েছেন, দলের সঙ্গে নেইমারকে রাখার কারণ হচ্ছে দ্বিতীয় ম্যাচেই তাকে মাঠে নামানোর সম্ভাবনা আছে। দলের সঙ্গে থেকে এক সপ্তাহ অনুশীলন চালিয়ে যাবেন তিনি।

এদিকে নেইমারকে ব্রাজিলের স্কোয়াডে দেখে খেপেছেন পিএসজি কোচ টমাস টুখেল। রেনের বিপক্ষে চলতি সপ্তাহের শেষে খেলতে পারবেন না নেইমার। অথচ জাতীয় দলে ঠিকই রাখা হয়েছে তাকে। শুধু নেইমার কেন, আরেক ইনজুরি আক্রান্ত খেলোয়াড় কিলিয়ান এমবাপ্পেকেও লিগের পয়েন্ট টেবিলে তৃতীয় স্থানে থাকা রেনের বিপক্ষে পাবে না পিএসজি।

কিন্তু এই ফরাসি ফরোয়ার্ডকেও ফ্রান্সের জাতীয় দলে রাখা হয়েছে। দলের দুই মূল তারকা ছাড়াই খেলতে নেমে গত সপ্তাহে আরবি লাইপজিগের বিপক্ষে চ্যাম্পিয়নস লিগের গ্রুপ পর্বের ম্যাচে হেরে গেছে পিএসজি। স্বাভাবিকভাবেই মেজাজ খারাপ ফরাসি জায়ান্টদের কোচ টুখেলের। এর মধ্যে আবার এই দুই খেলোয়াড়কে তাদের নিজ নিজ জাতীয় দলে ডাকায় রীতিমত খেপেছেন তিনি।

টুখেল জানেন খেলোয়াড়দের পক্ষে জাতীয় দলের ডাক উপেক্ষা করা সম্ভব নয়। তবে সেখানে তাদেরকে সাবধানতার সাথে রাখা হবে বলে আশা প্রকাশ করেন তিনি। টুখেল বলেন, ‘খেলোয়াড়দের ডেকে নেওয়া জাতীয় দলগুলোর অধিকারের মধ্যেই পড়ে। আমরা এখানে কিছুই করতে পারি না। কিন্তু যদি তারা ইনজুরিতে পড়ে এবং খেলতে না পারে, তাহলে আমি চাইব তারা না খেলুক। ‘

কোহলির নেতৃত্ব নিয়ে প্রশ্ন তুললেন গম্ভীর

এলিমিনেটরে সানরাইজার্স হায়দরাবাদের কাছে ৬ উইকেটে হেরে ২০২০ আইপিএল থেকে বিদায় নিয়েছে বিরাট কোহলির নেতৃত্বাধীন রয়্যাল

চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুর। অর্থাৎ আইপিএলে ফের বিরাট স্বপ্নভঙ। ১৩ বছরের ইতিহাসে এবারও ট্রফি জয়ের খরা কাটল না আরসিবি’র। টানা ৮ বছর নেতৃত্ব দিয়েও দলকে সাফল্য এনে দিতে পারলেন কোহলি। কেকেআর’র ট্রফি জয়ী সাবেক অধিনায়ক গৌতম গম্ভীরের মতে এবার নেতা বদলের সময় এসেছে রয়্যাল চ্যালেঞ্জার্সের।

সম্প্রতি এক সাক্ষাৎকারে গম্ভীর জানান, ৮ বছর দীর্ঘ সময়। ৮ বছরে আরসিবি একবারও ট্রফি জিততে পারেনি। আমি বিরাট কোহলির বিরুদ্ধে নই। কিন্তু দলের ব্যর্থতার দায় নিতে হয় অধিনায়ককেই। সেই দায় নেওয়া উচিত কোহলিরও।

তিনি আরও বলেন, ধোনি, রোহিত, কোহলির কথা আমরা বলি। কিন্তু ধোনি তিনবার দলকে চ্যাম্পিয়ন করেছে। রোহিত চারবার কাপ জিতেছে। এই কারণেই ওরা দীর্ঘ সময় ধরে একই দলকে নেতৃত্ব দিচ্ছে। অশ্বিনকে আবার দেখা যাক। দু’বার নেতৃত্বে সুযোগ পেয়েও কিছু করতে পারেনি। সরিয়ে দেওয়া হয়েছে। রোহিত ও যদি সাফল্য না দিতে পারত, আমি নিশ্চিত ওকেও বাদ দেওয়া হত।

আরসিবি।র পরাজয়ের দায়ভার কোহলিকেই নিতে হবে। এমনটাই মনে করছেন গম্ভীর। তিনি বলেন, এই হারের দায় নিতে হবে। কোনও সাপোর্ট স্টাফ বা ম্যানেজমেন্ট নয়৷ দলের ব্যর্থতার দায় নিতে হয় একমাত্র নেতাকেই। সাফল্যের কৃতিত্ব যেমন ক্যাপ্টেনের, তেমনই ব্যর্থতার দায়ও তাঁকেই নিতে হবে। কোহলি অভিজ্ঞতা কম নয়। দেশকে নেতৃত্ব দিচ্ছে। যে কোনও দলকেই নেতৃত্ব দিতে পারে। কিন্তু ওকে রেজাল্ট দিতে হবে।

দিল্লির কাছে হারের পরেও প্লে-অফে যোগ্যতা অর্জন করেছিল রয়্যাল চ্যালেঞ্জার্স। সেই সময় কোহলি জানিয়েছিলেন, ভালো ব্রান্ডের ক্রিকেট খেলার জন্যই তারা প্লে-অফে খেলার যোগ্য। কোহলির সেই মন্তব্যের রেশ টেনে দু’বার আইপিএল ট্রফি জয়ী গম্ভীর বলেন, আরসিবি-র আসলে প্লে-অফে খেলার যোগ্যতাই ছিল না। শেষ চার-পাঁচ ম্যাচ দেখলেই বোঝা যাবে। লিগে শেষ চার ম্যাচ জিতে প্লে-অফে জায়গা করলেও আত্মবিশ্বাস তলানিতে ঠেকেছিল। তাই এলিমিনেটরেও এই হাল।

এলিমিনেটরে সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে দেবদূত পারিক্কলের সঙ্গে বিরাটের ওপেন করা নিয়েও প্রশ্ন উঠতে শুরু হয়। অ্যারন ফিঞ্চ খেলা সত্ত্বেও কোহলি ওপেন করে ব্যর্থ হন। মাত্র ৬ রান করে আউট

হয়ে যান তিনি। গম্ভীর এই হঠকারী সিদ্ধান্ত নিয়েও প্রশ্ন তুলে বলেন, যদি ও সারা টুর্নামেন্ট জুড়েই ওপেন করত তাহলে এই সিদ্ধান্ত নিয়ে বলার কিছু ছিল না। যদি বিরাট ওপেনই করতে চায়, তাহলে মিডল-অর্ডারে অন্য একজনকে প্রথম একাদশে রাখতে পারত। পরিকল্পনা অনুযায়ী নিলামে দল বাছা হয়৷ কিন্তু আরসিবি মানেই সেই বিরাট ও এবিডি।

লজ্জার রেকর্ড গড়লেন রোহিত শর্মা

চোট সারিয়ে চলতি আসরের গ্রুপ পর্বের শেষ ম্যাচে কামব্যাক করলেও ব্যাট হাতে রান পাননি। সেই ম্যাচে সানরাইজার্স হায়দরাবাদের কাছে ম্যাচে হারতেও হয়েছিল দলকে। কিন্তু গত বৃহস্পতিবার (৫ নভেম্বর) প্রথম কোয়ালিফায়ারে দিল্লি ক্যাপটালসের বিরুদ্ধে মুম্বাই ইন্ডিয়ান্সের অধিনায়ক রোহিত শর্মার ব্যাটে বড় রান দেখার অপেক্ষায় বসেছিলেন অনুরাগীরা। কিন্তু প্রথম কোয়ালিফায়ারেও অনুরাগীদের নিরাশ করলেন তিনি। কোয়ালিফায়ারের মতো গুরুত্বপূর্ণ ম্যাচে রানের খাতা না খুলেই প্যাভিলিয়নে ফিরলেন রোহিত।

আর শূন্য রানে ডাগ-আউটে ফেরার সঙ্গে সঙ্গেই আইপিএলের ইতিহাসে একটি লজ্জার রেকর্ড গড়লেন মুম্বাই ইন্ডিয়ান্স অধিনায়ক। এই নিয়ে ব্যাটসম্যান হিসেবে আইপিএলে সর্বাধিক ১৩ বার শূন্য রানে আউট হওয়ার নজির গড়লেন রোহিত। আর লজ্জার নজির গড়ার পথে আইপিএলের সবচেয়ে সফল অধিনায়ক রোহিত বসে গেলেন হরভজন সিং এবং পার্থিব প্যাটেলের সঙ্গে একাসনে। অর্থাৎ এর আগে আইপিএলে সর্বাধিক ১৩ বার শূন্য রানে আউট হয়েছেন পার্থিব এবং হরভজনও।

এদিন দুবাইয়ে প্রথম কোয়ালিফায়ারে টস জিতে প্রথমে মুম্বাই ইন্ডিয়ান্সকে ব্যাটিংয়ে আমন্ত্রণ জানান দিল্লি ক্যাপিটালস অধিনায়ক শ্রেয়াস আইয়ার। মুম্বাই ইনিংসের দ্বিতীয় ওভারেই শ্রেয়স বল তুলে দেন ফিঙ্গার স্পিনার রবিচন্দ্রন অশ্বিনের হাতে। দ্বিতীয় ওভারের তৃতীয় বলে গোল্ডেন ডাক হয়ে ডাগ-আউটে ফিরতে হয় রোহিতকে। লেগবিফোর উইকেট হয়ে ক্রিজ ছাড়েন মুম্বাই অধিনায়ক।

উল্লেখ্য, আইপিএলের চতুর্থ সর্বোচ্চ রান সংগ্রাহক রোহিতের প্লে-অফে পরিসংখ্যান মোটেই সুখের নয়। আইপিএল প্লে-অফে ১৯ ইনিংসে ১২.৭২ গড়ে রোহিতের সংগ্রহ ২২৯ রান। এদিন রোহিতের ইনিংস তার প্লে-অফে ব্যর্থতার নবতম সংযোজন।

পঞ্চগড়কে হারিয়ে জোন চ্যাম্পিয়ন রংপুর

দিনাজপুরে জেএফএ অনূর্ধ্ব-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ট্রফি ঘরে তুলে নিয়েছে রংপুর জেলা দল।

শুক্রবার চূড়ান্ত খেলায় রংপুর ৩-০ গোলে পঞ্চগড়কে হারিয়ে জোন চ্যাম্পিয়ন হয়। রংপুরের রীতা আকতার ২টি এবং শারমিন ১টি গোল করেন।

খেলা শেষে চ্যাম্পিয়ন ট্রফি বিজয়ী দলের হাতে তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক শরিফুল ইসলাম। সভাপতিত্ব করেন জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি গোলাম নবী দুলাল।

দিনাজপুর স্টেডিয়ামে বিকেল ৩টায় খেলা শুরুর পর থেকেই রংপুর আক্রমণাত্বক খেলতে থাকে। প্রথমার্ধের ১৭ মিনিটে রীতা প্রথম গোল করে দলকে এগিয়ে নিয়ে যায়।

প্রথমার্ধে আর কোনো গোল না হলেও দ্বিতীয়ার্ধে আবারো রংপরের ফুটবলাররা আক্রমণ চালিয়ে রীতা ও শারমিন ১টি করে গোল করে। শেষ পর্যন্তু পঞ্চগড় গোল করতে ব্যর্থ হওয়ায় ৩-০ গোলে রংপুর জয়লাভ করে।

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে এবং জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের ব্যবস্থাপনায় দিনাজপুর স্টেডিয়ামে বিকেলে মহিলা জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, দিনাজপুরে জেএফএ অনূর্ধ্ব-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপে সাতটি জেলা অংশ নেয়। রংপুর, নীলফামারী,

লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড়, ঠাকুরগাও ও স্বাগতিক দিনাজপুর।

ঝিনাইদহে ফ্রেন্ডলি টি-২০ ক্রিকেট অনুষ্ঠিত

ঝিনাইদহে ফ্রেন্ডলি টি-২০ ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে ক্রীড়া সংগঠক রাইসুল ইসলাম আসাদ এর পৃষ্ঠপোষকতায় এ ম্যাচের আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ম্যাচ উদ্বোধন করেন ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাসার।

এ সময় উপস্থিত ছিলেন শওকত মেমোরিয়াল ক্রিকেট একাডেমীর পরিচালক সৌরভ হোসেন, জেএসপি’র সভাপতি মিজানুর রহমান মিজু, পরিবেশক সমিতির সভাপতি ওয়ালিদ হাসান শিপার, ব্যবসায়ী নজরুল ইসলাম প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি আবুল বাসার বলেন, সবলদেহ ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের খেলাধুলার গুরুত্ব দিতে হবে। এর আগে ক্রীড়া সংগঠক রাইসুল ইসলাম আসাদ এর পক্ষ থেকে খেলোয়াড়দের জার্সিসহ ক্রীড়া উপকরণ প্রদান করা হয়।

কুষ্টিয়ায় ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০২০ এর

উদ্বোধন

কুষ্টিয়ায় জেএফএ- অনূর্ধ্ব-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশিপ-২০২০ এর উদ্বোধন করা হয়েছে।

বুধবার বিকালে কুষ্টিয়া জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের আয়োজনে বীব মুক্তিযোদ্ধা শেখ কামাল স্টেডিয়ামে এই খেলার উদ্বোধন করেন কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনের সংসদ সদস্য ব্যারিস্টার সেলিম আলতাফ জর্জ।

এ সময় তিনি বলেন, ফুটবল বিশ্বের সবচেয়ে জনপ্রিয় খেলা, এই খেলায় পুরুষ দের পাশাপাশি এখন নারীরাও অনেক গেছে। খেলা-ধুলার মাধ্যমে এক জন প্লেয়ার তার দেশকে বিশ্বের বুকে পরিচিত করতে পারে। তাই ছোট থেকেই আমাদের ছেলে-মেয়েকে পড়াশোনার সাথে সাথে খেলা-ধুুলায় আরও মনোযোগী করে গড়ে তুলতে হবে ।

জেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক অনুপ কুমার নন্দী, জেলা ফুটবল এ্যাসোসিয়েশনের সভাপতি মকবুুল হোসেন লাবলু ও নির্বাহী সদস্য খন্দকার ইকবার মাহাম্মুদ।

জেলা ক্রীড়া সংস্থার অন্যান্য সদস্যগণ এ সময় উপস্থিত ছিলেন।

উদ্বোধনী দিনের খেলায় নড়াইল জেলা দল ৮-০ গোলে চুয়াডাঙ্গা জেলা দলকে এবং টাঙ্গাইল জেলা দল ১-০ গোলে ঝিনাইদহ জেলা দলকে পরাজিত করে।

খেলায় কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল, টাঙ্গাইল ও সাতক্ষীরা জেলা দল অংশ গ্রহণ করেছে।